# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৪৭১৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا جَلَسَ فِي الْمَسْجِدِ احتبى بيدَيْهِ. رَوَاهُ رزين

### বাংলা

৪৭১৩-[৭] আবূ সা’ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মসজিদে বসতেন, তখন ইহতিবা করে (হাঁটুদ্বয় খাড়া করে নিতম্ব জমিনে ঠেকিয়ে দু’ হাত দ্বারা দু’ পায়ের গোড়ালিকে জড়িয়ে ধরে) বসতেন। (রযীন)[1]

### ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী : সিলসিলাতুস্ সহীহাহ্ ৮২৭, সহীহুল জামি‘ ৪৭০২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬১২৭, তবে এ হাদীসের গ্রন্থগুলোতে الْمَسْجِد কথাটি উল্লেখ নেই। বায়হাক্বীতে فى مجلس কথাটি উল্লেখ আছে। আবূ দাঊদ ৪৮৪৬, তিরমিযী ১২১ (শামায়িল) এ হাদীসটির ব্যাপারে আলবানী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসটির সানাদ একেবারেই বাজে বা নষ্ট, তবে হাদীসটি সহীহ। কারণ একাধিক সাহাবী কর্তৃক হাদীসটি ভিন্ন ভিন্ন কায়দায় বর্ণিত হয়েছে। যেমনটি সহীহাহ্-এর মধ্যে বিস্তারিত উল্লেখ রয়েছে ৮২৭ নং হাদীসে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75437

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন